দৈনিক ইত্তেফাক

২৪/৭/২০০৫

তারিখ ..........
পৃষ্ঠা ৬ ..... কলাম ৮ .....

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের মান সম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণে

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষা কার্যক্রম ব্যাহত হইবার মুখ্য কারণই হইতেছে সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ শিক্ষকদের চাকুরী সরকারের তথা শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ। শুধু এই একটি কারণেই জাতীয় বিশ্ববিদ্যালয় 'জাতীয় ব্যর্থ বিশ্ববিদ্যালয়ে' পরিণত হইয়াছে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ ক্যাডারগণ সব সময়ই বঞ্চনার শিকার। যেখানে অন্যান্য বিভাগের ক্যাডারগণ সময়ের পরিক্রমায় কম-বেশী উন্নতি লাভ করিয়াছে, সেখানে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থরা এমনই বঞ্চিত যে শিক্ষকতা পেশায় আসা আজ বেকারদের শেষ অবলম্বন হইয়া দাঁড়াইয়াছে। শিক্ষার সহিত যাহারা জড়িত, যাহারা তাহাদের অভিজ্ঞতার আলোকে এই পেশার মান ও মর্যাদা বৃদ্ধির প্রয়োজনীয়তা উপলব্ধি করিতে সক্ষম, তাহাদের বঞ্চিত করিয়া বাহিরের প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের পদ অধিকার করিয়া রাখাই এমনতর পশ্চাৎপদতার মূল কারণ। বিশ্ববিদ্যালয়গুলি স্বায়ত্তশাসিত হওয়ায় মর্যাদাপূর্ণ অবস্থানে রহিয়াছে । তাই মেধাবীরা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা পেশাকে গর্বের সহিত গ্রহণ করে। পক্ষান্তরে গত ৩০ বৎসর যাবৎ আমলা নিয়ন্ত্রণাধীন সরকারী কলেজের শিক্ষকতা পেশায় আসিয়া মেধাবীরা হতাশার সাগরে হাবুডুবু খাইতেছে। সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ-শিক্ষকরা বিশ্ববিদ্যালয় শিক্ষক নয়। অথচ তাহারা দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মতোই সম্মান ও মাষ্টার্স শ্রেণীতে পাঠদান করা ছাড়াও অতিরিক্ত পাস কোর্স ও মাষ্টার্স প্রিভিয়াস কোর্সে পাঠদান করিয়া থাকেন। অর্থাৎ তাহারা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ভূমিকাই পালন করে। কিন্তু সরকারী নিয়ন্ত্রণাধীন থাকায় তাহারা বিশ্ববিদ্যালয়-শিক্ষকদের মতো বেতন কাঠামো, পে-স্কেল সুবিধা, যোগ্যতানুযায়ী পদোন্নতি, উচ্চ শিক্ষা ও গবেষণার সুযোগ অর্থাৎ যে সমস্ত উৎসাহমূলক সুযোগ-সুবিধা থাকায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা পেশা মর্যাদাপূর্ণ স্তরে উন্নীত হইয়াছে, তাহার বিন্দুমাত্র তাহারা পান না। বরং তাহাদের দীর্ঘ কর্মজীবনের সর্বত্র ছড়াইয়া রহিয়াছে পদোন্নতিহীনতার আর্তনাদ, হতাশার ছাপ, বঞ্চনার চিত্র। এমনকি তাহাদের উচ্চ শিক্ষা অর্জনের পথ বড়ই জটিল ও আমলাদের করুণার উপর নির্ভরশীল। ফলে স্বাভাবিকভাবেই তাহারা স্বীয় পেশায় গর্বিত নয় এবং নিজ পেশায় নিবেদিতপ্রাণ নয়। মেধাবীদের কাছে এ এক হতাশাজনক পেশা। শিক্ষকদের কর্মজীবনের এই চিত্র তাহাদের পেশাগত মানোন্নয়নের পথে বিরাট প্রতিবন্ধকতার সৃষ্টি করিয়াছে। সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ-শিক্ষকদের এমনতর হতাশার মধ্যে নিমজ্জিত রাখিয়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোনদিনই মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণ সম্ভব হইবে না। তাই দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে, মানসম্পন্ন উচ্চশিক্ষা নিশ্চিতকরণের নিমিত্তে অনতিবিলম্বে সরকারী বিশ্ববিদ্যালয় কলেজসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ন্যস্ত এবং সেইসাথে সরকারী কলেজ শিক্ষকদের মাঝে থাকিয়া যাহারা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হইবার ন্যূনতম যোগ্যতা রাখেন তাহাদের এবং প্রয়োজনে অভিজ্ঞতার মূল্যায়ন করিয়া সাময়িকভাবে যোগ্যতা নির্ধারণের নীতিমালা সামান্য শিথিলকরত নির্দিষ্ট নীতিমালার অধীনে এবং অপশনের ভিত্তিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসাবে আত্মীয়করণ করা প্রয়োজন। যেহেতু চেয়ার মেকস এ ম্যান, সেহেতু এভাবে উচ্চশিক্ষার উপযুক্ত শিক্ষক তৈরী করিতে হইবে এবং ইহার কোনই বিকল্প নাই। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

নাম প্রকাশে অনিচ্ছুক